দৈনিক বাংলা

তারিখ ...3.07.5.79...
পৃষ্ঠা... ... ...কলাম... ... ...

017

জনমত

প্রস্তুতিমূলক পড়াশোনা চলার কথা সে সময়টায় তাদের পাঠসূচী শেষ করার জন্যে ক্লাসে ব্যস্ততাতেই ব্যস্ত থাকতে হবে। বিজ্ঞান বিভাগের ছাত্রদের ব্যবহারিক পরীক্ষা অতি গুরুত্বপূর্ণ। কিন্তু এই ব্যবহারিক ক্লাসও তাদের শেষ হয়নি কাজেই জুলাই-এ পরীক্ষা অনুষ্ঠিত হলে অনেক ভালো ছাত্রের পক্ষেও আশানুরূপ ফল করা সম্ভব হবে না।

ছাত্রছাত্রীদের এসব বাস্তব অসুবিধার দিকে না তাকিয়ে কর্তৃপক্ষ শুধু তারিখ ঘোষণাই নয়, এই সাথে তারা যে সময়সূচী দিয়েছেন তাও ছাত্রছাত্রীদের হতাশ করেছে। এই সময়সূচীতে ছুটির দিনেও (রবিবার) পরীক্ষা পড়েছে। এবং কোন কোন বিষয়ের পরীক্ষার মধ্যে মোটেই বিরতি দেয়া হয়নি। উদাহরণস্বরূপ বাণিজ্য বিভাগের পরীক্ষা ১৬-৬-৭৯ তারিখ থেকে ১৯-৬-৭৯ তারিখ পর্যন্ত প্রতিদিন বিরতিহীন ভাবে চলবে। এটা বলার অপেক্ষা রাখেনা যে ডিগ্রি পরীক্ষা ছাত্রছাত্রীদের জীবনে একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা। অন্যান্য পরীক্ষার তুলনায় পাসের হারও এখানে কম হয়। এ পরীক্ষার বিভিন্ন বিষয়ের মধ্যে পরীক্ষার্থীরা যদি খানিকটা পড়াশোনার সময় পায় তাহলে তাদের ফল নিশ্চয়ই ভালো হবে। কাজেই কর্তৃপক্ষের কাছে আমাদের আবেদন, পূর্বঘোষিত সময় এবং পরীক্ষার সময়সূচী পরিবর্তন করে অন্ততঃ ২ মাস পিছিয়ে পরীক্ষার তারিখ নির্ধারণ করা হোক এবং পরীক্ষার সময়সূচী এমনভাবে নির্ধারণ করা হোক যাতে ছাত্রছাত্রীরা একটি পত্রের জন্যে অন্ততঃ দু দিন করে পড়ার সময় পেতে পারে।

—সেলিম দারুনী, জেলামিন, ফজলু সাইদুল হক, কমল, সোহরাওয়ার্দী কলেজ, ঢাকা।